97

দৈনিক সংবাদ

তারিখ 24 SEP 1988
পৃষ্ঠা 9 কলাম 2

120

## শিক্ষামন্ত্রীর সাথে শিক্ষক সমিতি ফেডারেশন নেতৃবৃন্দের বৈঠক

বাংলাদেশ শিক্ষক সমিতি ফেডারেশনের মহাসচিব অধ্যক্ষ এ কে এম শহীদুল্লাহর নেতৃত্বে সংগঠনের নেতৃবৃন্দ গতকাল বাংলাদেশ সচিবালয়ে শিক্ষামন্ত্রী শেখ শহীদুল ইসলামের সাথে এক বৈঠকে মিলিত হন।

বৈঠকে সরকারী ও বেসরকারী স্কুল, কলেজ এবং মাদ্রাসা শিক্ষকদের বিভিন্ন সমস্যা সমাধানকল্পে রাষ্ট্রপতির ঘোষণাসমূহ বাস্তবায়নের সর্বশেষ অগ্রগতি সম্পর্কে আলোচনা করা হয়।

রাষ্ট্রপতির ঘোষণা অনুসারে বেসরকারী শিক্ষক ও কর্মচারীদের শতকরা ১০ ভাগ মহার্ঘভাতা, তৃতীয় ও ৪র্থ শ্রেণীর কর্মচারীদের বেতন স্কেলে অন্তর্ভুক্ত করে বর্ধিত সুযোগ-সুবিধাসহ জুলাই ও আগষ্ট মাসের বেতন বাবদ সরকারী মঞ্জুরি এ মাসের মধ্যেই শিক্ষকদের কাছে পৌছে দেয়ার ব্যবস্থা করা হয়েছে বলে মন্ত্রী উপস্থিত নেতৃবৃন্দকে অবহিত করেন।

সরকারী স্কুল ও কলেজ শিক্ষকদের পদোন্নতি, টাইম স্কেল, জাতীয়করণকৃত স্কুল-কলেজসমূহে বিষয়ভিত্তিক পদ সৃষ্টি, পদোন্নতির নীতিমালা প্রণয়ন, সরকারী স্কুলের প্রধান শিক্ষকদের উচ্চতর বেতন স্কেল প্রদান এবং ধর্মীয় শিক্ষকদের বেতন বৈষম্য দূরীকরণের বিষয়টি প্রক্রিয়াধীন রয়েছে এবং শিগগিরই তা বাস্তবায়িত হবে বলে মন্ত্রী উল্লেখ করেন। খবর তথ্য বিবরণীর।